

বৈশিষ্ট্য ইতিহাস

১ ৮

বেসরকারী কলেজের প্রদর্শকদের পদোন্নতি প্রসঙ্গে

আমি একটি বেসরকারী কলেজের রসায়ন বিভাগের প্রদর্শক এবং ফলিত রসায়ন-রাসায়নিক প্রযুক্তি বিষয়ে অনার্সসহ এমএসসি ডিগ্রীধারী। সরকারী কলেজে যে সমস্ত প্রদর্শক/প্রদর্শিকা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী হন তাঁরা কালক্রমে পদোন্নতি পেয়ে প্রভাষক হন এবং পরবর্তী সময়ে উচ্চতর পদেও পদোন্নতি পান। কিন্তু বেসরকারী কলেজে আমরা যারা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী হয়েও প্রদর্শক/প্রদর্শিকা পদে চাকরি করছি, সমস্ত চাকরিজীবনে তাদের কোনো পদোন্নতি নেই। শুধু চাকরি জীবনের আট বছর পূর্তিতে একটি টাইম স্কেল পাওয়া যায়, তাও পূর্ববর্তী পদমর্যাদা বর্জ্য রেখে। অর্থাৎ প্রভাষক পদের স্কেল পেলেও আমাদের পদমর্যাদা প্রভাষক হয় না। আমার মতে এটি নিতান্তই অমানবিক ও এক দেশে দুই নীতির সামিল। তাই সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে একান্ত প্রার্থনা যে, আমরা যারা বিজ্ঞানের বিভিন্ন শাখায় স্নাতকোত্তর ডিগ্রীধারী হয়েও বেসরকারী কলেজে সংশ্লিষ্ট বিষয়ে প্রদর্শক/প্রদর্শিকা হিসেবে কর্মরত আছি, চাকরির আট বছর পূর্তিতে তাদেরকে প্রভাষক হিসেবে পদোন্নতি দেয়া হোক।

শ্যামল কুমার ঘোষ,
প্রদর্শক, রসায়ন বিভাগ,
শ্রীপুর ডিগ্রী কলেজ,
শ্রীপুর, মাতুরা।